ইত্তেফাক

তারিখ ৫/৬/৮০ ... ...
পৃষ্ঠা... ... ... ... কলাম ... ... ...

101

# পাবনা মেডিক্যাল কলেজ

স্বাস্থ্য মন্ত্রণালয় এ বছর থেকে দেশে তিনটি নূতন মেডিক্যাল কলেজ চালু করেছেন এবং ইতিমধ্যে ছাত্র ভর্তি শেষ হয়েছে। কিন্তু দুঃখের বিষয় পাবনা মেডিক্যাল কলেজে স্বাস্থ্য পরিদপ্তর মাত্র ২০টি সিট দিয়েছেন। আবার ইতিমধ্যে একজন ডাক্তারের ছেলেকে রংপুর মেডিক্যাল কলেজে স্থানান্তরিতও করেছেন। অবশিষ্ট ১৯ জনের মধ্যে ২জন মেয়ে এবং ১৭ জন ছেলে। আমার জানামতে মাত্র ৮-১০ জন ছেলে ভর্তি হয়েছে পাবনা মেডিক্যাল কলেজে। যে ছেলে কোনদিন কল্পনাও করেনি যে, তার মা-বাবা, আত্মীয়-স্বজন ছেড়ে গিয়ে লেখাপড়া করতে হবে কিন্তু তবুও তাদের ভর্তি হতে হয়েছে সুদূর পাবনায়। কারণ তাদের একান্ত ইচ্ছা একজন ভাল ডাক্তার হয়ে দেশ এবং দশের সেবা করবে। এমতাবস্থায় তার ৮-১০ জন সাথীর সঙ্গে লেখাপড়ায় মেডিক্যাল কোর্সের মতো কঠিন বিষয়ে তারা সত্যি সত্যিই উৎসাহ-উদ্দীপনা এবং আনন্দ পাবে কি? অন্য দিকে মাত্র ৮-১০ জন ছাত্রের জন্য সরকারকে বহন করতে হবে একটি মেডিক্যাল কলেজ, চালাতে যা কিছু প্রয়োজন তার সবটাই। পাবনা বাদে দেশে আরও ১০টি মেডিক্যাল কলেজ আছে। প্রতিটিতে আর একজন করে ছাত্র নেয়ারতো কোন অসুবিধা হবার কথা নয় কারণ প্রতিটি কলেজের জন্য যতটি করে সিট বরাদ্দ করা হয়েছে তা পূরণ হয়নি।

এই পরিস্থিতিতে স্বাস্থ্য পরিদপ্তরের নিকট একজন অভিভাবক হিসাবে আমার আবেদন এই ৮/১০ জন ছেলেকে অন্য কলেজগুলোতে স্থানান্তরিত করে তাদের সুষ্ঠু ভাবে পড়াশোনা করার পরিবেশ সৃষ্টি করুন।

—জনৈক অভিভাবক,
ফরিদাবাদ,
ঢাকা।